FEB. 26 2001

## ব্রাহ্মণবাড়িয়ায় মৌলবাদী তৎপরতা ⌟ চার

# মেয়েরা লেখাপড়ায় এগিয়ে, স্কুল-মাদ্রাসা সমান সমান

**রাশেদ আহমেদ, ব্রাহ্মণবাড়িয়া থেকে ফিরে ঃ** ব্রাহ্মণবাড়িয়ার মেয়েরা ধর্মীয় কুসংস্কারে বন্দি হতে চায় না। তারা চায় প্রগতির হাত ধরে এগিয়ে যেতে। পুরুষের পাশাপাশি যুগোপযোগী শিক্ষার আলোয় আলোকিত হওয়ার ইচ্ছে আছে তাদেরও। এ জন্য চায় অনুকূল পরিবেশ। অবিশ্বাস্য হলেও সত্যি, ব্রাহ্মণবাড়িয়া জেলায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা বেশি। জেলা শিক্ষা অফিসের হিসাব অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মোট ছাত্রের চেয়ে ৩ হাজার ২শ ১২ জন বেশি ছাত্রী লেখাপড়া করছে। জেলার ৭টি উপজেলা মিলিয়ে পড়ুয়া ছাত্রের সংখ্যা হচ্ছে ৬৮ হাজার ৩শ ৭০ এবং ছাত্রীর সংখ্যা ৭১ হাজার ৫শ ৮২ জন। ব্রাহ্মণবাড়িয়া সদরেই ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা ২ হাজার ৭৫ জন বেশি। সেখানে ছাত্র আছে ১৯ হাজার ৯শ ২১ এবং ছাত্রী ২১ হাজার ৯শ ৯৩ জন।

জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আবদুর রশিদের মন্তব্য হচ্ছে, এ জেলায় ছাত্রীদের লেখাপড়া করার আগ্রহ বেশি। মেধা ও মননে তারা পিছিয়ে নেই। তবে তাদের এগিয়ে আসার আরো সুযোগ সৃষ্টির প্রয়োজন।

পরিসংখ্যান অফিসের তথ্য অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া জেলায় পুরুষের চেয়ে মহিলার সংখ্যা কম হলেও শিক্ষাদীক্ষায় তারা অগ্রগামী। এখানে সর্বমোট ২১ লাখ ৪১ হাজার ৭শ ৪৫ জনসংখ্যার মধ্যে পুরুষ ১০ লাখ ৮৯ হাজার ৭শ ২ এবং মহিলার সংখ্যা ১০ লাখ ৫২ হাজার ৪৩ জন। জেলা সদরে মোট ৬ লাখ ৫৯ হাজার ৪শ ৪৯ জনের মধ্যে পুরুষ আছে ৩ লাখ ৩৮ হাজার ৮শ ১১ এবং মহিলা ৩ লাখ ২০ হাজার ৬শ ৩৮ জন।

জেলা শহরে বেশ কয়েকজন মহিলার সাথে আলাপ করলে তারা মৌলবাদী তৎপরতায় আতঙ্কের কথা উল্লেখ করেন। কলেজ ছাত্রী ইশরাত জাহানের মন্তব্য হচ্ছে, মৌলবাদীদের আগ্রাসন না থাকলে এখানে মেয়েরা আরো **মৌলবাদী ঃ** পৃঃ ২ কঃ ২

## মৌলবাদী ঃ ব্রাহ্মণবাড়িয়া

( ১ম পৃষ্ঠার পর )

এগিয়ে যেতো। সাবিনা আক্তার বলেন, আমরা ধর্মের বিরুদ্ধে নয়, ধর্মীয় কুসংস্কারের বিরুদ্ধে। জেলা শিক্ষা অফিসের তথ্য অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া জেলায় স্কুল ও মাদ্রাসা সংখ্যার দিক থেকে সমান সমান। মাধ্যমিক স্কুলের সংখ্যা ১শ ৪৩। একইভাবে মাদ্রাসার সংখ্যাও ১শ ৪৩। উচ্চ মাধ্যমিক কলেজের সংখ্যা ১২ এবং ডিগ্রি কলেজ ১৪। ১শ ৪৩টি মাদ্রাসার মধ্যে সরকার স্বীকৃত মাদ্রাসা রয়েছে ৫৯টি, বাকি ৮৪টি হচ্ছে অননুমোদিত কওমি মাদ্রাসা। জেলার আনাচে-কানাচে মাদ্রাসা গড়ে উঠলেও ৮টি ইউনিয়নে মাধ্যমিক পর্যায়ের কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। এই ইউনিয়নগুলো হচ্ছে ঃ জেলা সদরের নাটাই উত্তর ইউনিয়ন, নবীনগরের কড়াইল ইউনিয়ন, সরাইল উপজেলার নোয়াগাঁও ইউনিয়ন, নাসিরনগরের বুড়িশ্বর ও পূর্ববাগ ইউনিয়ন, বাঞ্ছারামপুর উপজেলার সোনাপুর, সলিমাবাদ ও বাঞ্ছারামপুর দক্ষিণ ইউনিয়ন।

উপজেলাভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, ব্রাহ্মণবাড়িয়া সদরে মাধ্যমিক স্কুল ৪৩টি এবং মাদ্রাসা হচ্ছে ৫২টি। এর মধ্যে কওমি মাদ্রাসা ২৩টি, ডিগ্রি কলেজ ৫টি, উচ্চ মাধ্যমিক কলেজ ১টি। কসবা উপজেলায় মাধ্যমিক স্কুল ২৬টি, মাদ্রাসা ১৭টি, কওমি মাদ্রাসা ৩টি, ডিগ্রি কলেজ ৩টি, উচ্চ মাধ্যমিক কলেজ ৩টি। আখাউড়া উপজেলায় মাধ্যমিক স্কুল ১১টি, মাদ্রাসা ৮টি, কওমি মাদ্রাসা ৩টি। সরাইল উপজেলায় মাধ্যমিক স্কুল ১৩টি এবং মাদ্রাসা ১৫টি। এর মধ্যে কওমি মাদ্রাসাই ১৩টি রয়েছে।

নাসিরনগর উপজেলায় মাধ্যমিক স্কুল ১২টি, মাদ্রাসা ১৭টি, কওমি মাদ্রাসা ১১টি। বাঞ্ছারামপুর উপজেলায় মাধ্যমিক স্কুল ১২টি, মাদ্রাসা ১৩টি, কওমি মাদ্রাসা ৯টি। নবীনগর উপজেলায় মাধ্যমিক স্কুল ২৬টি এবং মাদ্রাসা ৩১টি। এর মধ্যে কওমি মাদ্রাসা হচ্ছে ১১টি।